

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-১ (প্রশাসন)  
ভূমি ভবন (লেভেল ২ ও ৩)  
তেজগাঁও, ঢাকা-১২০৮।  
[www.lrb.gov.bd](http://www.lrb.gov.bd)

জরুরি

স্মারক নং-৩১.০২.০০০০.০১১.০৮.০১৫.১৭-২১

তারিখ: ২৬ পৌষ ১৪৩০  
১০ জানুয়ারি ২০২৪


বিষয়: মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন।

ভূমি মন্ত্রণালয়ের সঙ্গে ভূমি সংস্কার বোর্ডের স্বাক্ষরিত চলতি ২০২৩-২০২৪ খ্রি. অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৪৮০ টি ভূমি অফিস পরিদর্শনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত প্রথম ষান্মাসিক প্রতিবেদনে দেখা যায় ২৩৭ টি ভূমি অফিস পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন সংক্রান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিম্নরূপ অফিস আদেশ জারি করা হলো।

ক্র: নং	কর্মকর্তাগণ	প্রতি মাসে পরিদর্শনের ন্যূনতম লক্ষ্যমাত্রা	মন্তব্য
(১)	উপ-ভূমি সংস্কার কমিশনার ভূমি সংস্কার বোর্ড	৩ টি	সংশ্লিষ্ট কর্মকর্তাগণ একই ভ্রমণে ০৩ টি (উপজেলা/ইউনিয়ন) ভূমি অফিস পরিদর্শন করবেন এবং পরবর্তী কর্মদিবসেই প্রতিবেদন দাখিল করবেন।
	সহকারী-ভূমি সংস্কার কমিশনার ভূমি সংস্কার বোর্ড	৩ টি	
(২)	উপ-ভূমি সংস্কার কমিশনার বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়	১০টি	ভূমি অফিস পরিদর্শনের পরবর্তী কর্মদিবসেই প্রতিবেদন দাখিল করবেন।

(২) ভূমি অফিস পরিদর্শনের উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

(৩) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মুহাম্মদ রফিকুল ইসলাম)  
সহকারী ভূমি সংস্কার কমিশনার  
(সিনিয়র সহকারী সচিব)  
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।  
ফোন: ০২-৮১৭০১৫২  
ই-মেইল-alrc1@lrb.gov.bd

বিতরণ:

- (১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা) ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- (৩) উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- (৪) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)।
- (৫) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- (৬) চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৭) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- (৮) নোটিশ বোর্ড/অফিস কপি।